

প্রতিরক্ষা মন্ত্রণালয়


ডি-৯ অধিশাখা

বিষয়: 'সামরিক অফিসার আবাসিক প্রকল্পে বেসামরিক কর্মকর্তাদের প্লট বরাদ্দের নীতিমালা, ২০১৬'।

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নম্বর: ২৩.০০.০০০০.০৯০.৬৯.১৫-৬২; তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে 'সামরিক অফিসার আবাসিক প্রকল্পে বেসামরিক কর্মকর্তাদের প্লট বরাদ্দের নীতিমালা, ২০১৬' জারী করা হয়েছে। উক্ত নীতিমালা ওয়েব সাইটে দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৬ (ছয়) পাতা।


(ফারাহ শাম্মা)
উপসচিব
ফোন: ৯১১২২৯৫

✓ সিস্টেম এনালিস্ট
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

ইউ নোট নম্বর: ২৩.০০.০০০০.০৯০.৯৩.৬৯.১৫-৯৫

তারিখ: ২২ চৈত্র ১৪২২
০৫ এপ্রিল ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

২০১৩ সালে জারিকৃত 'সামরিক অফিসার আবাসিক প্রকল্পে বেসামরিক কর্মকর্তাদের প্লট বরাদ্দ নীতিমালা, ২০১৩ (সংশোধিত)' সুসমঞ্জস্যকরণের লক্ষ্যে সরকার নিম্নরূপ নীতিমালা জারি করল:

১.০ শিরোনাম

- ১.১ এ নীতিমালা 'সামরিক অফিসার আবাসিক প্রকল্পে বেসামরিক কর্মকর্তাদের প্লট বরাদ্দ নীতিমালা, ২০১৬' হিসেবে অভিহিত হবে ;
- ১.২ এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২.০ আবেদনকারীর আবেদনের যোগ্যতা

- ২.১ আবেদনকারীকে ১৯০১, ১৯০৭, ১৯২১, ১৯৩১, ১৯৩৩, ১৯৩৪ এবং ১৯৩৫ কোডের আওতাধীন প্রতিরক্ষা মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরসমূহের প্রথম শ্রেণির পদে নিয়োগপ্রাপ্ত/পদোন্নতিপ্রাপ্ত/কর্মরত থাকতে এবং চাকরিতে স্থায়ী হতে হবে;
- ২.২ ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং প্রথম শ্রেণির পদে সরাসরি নিয়োগপ্রাপ্ত বেসামরিক কর্মকর্তাদের চাকরিকাল ন্যূনতম ১২ (বার) বছর হতে হবে;
- ২.৩ অনুচ্ছেদ ২.১-এ বর্ণিত কোডের আওতাধীন প্রতিরক্ষা মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরসমূহে প্রথম শ্রেণির পদে পদোন্নতিপ্রাপ্তদের ক্ষেত্রে প্রথম শ্রেণির পদে চাকরির মেয়াদ ন্যূনতম ৮ (আট) বছর এবং সরকারি চাকরির মোট মেয়াদ ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছর হতে হবে;
- ২.৪ প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, মিলিটারী এস্টেটস্ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত ক্যাডারভুক্ত কর্মকর্তাদের এক মেয়াদে চাকরিকাল ন্যূনতম ৩ (তিন) বছর হতে হবে। তবে;
- কোন কর্মকর্তা পদোন্নতিজনিত কারণে প্রাথমিক পর্যায়ে তাঁর নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে সাময়িক যোগদানের পর পুনরায় প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, মিলিটারী এস্টেটস্ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডে নিয়োগপ্রাপ্ত/সংযুক্ত হলে এবং তিনি প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, মিলিটারী এস্টেটস্ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের একই বেতন কোডের আওতায় ধারাবাহিকভাবে বেতন আহরণ করলে তাঁর চাকরির মেয়াদ গণনার ক্ষেত্রে তা কর্মরত/চলমান হিসেবে বিবেচিত হবে।
- প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, মিলিটারী এস্টেটস্ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণির পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ১২(বার) বছর এবং পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে চাকরিকাল ন্যূনতম ৮(আট) বছর হতে হবে;
- ২.৫ অনুচ্ছেদ ২.৪-এর শর্ত কেবল এ নীতিমালা জারির তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, মিলিটারী এস্টেটস্ অফিস এবং ক্যান্টনমেন্ট বোর্ডে কর্মরত, তৎপরবর্তী সময়ে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে;
- ২.৬ অনুচ্ছেদ-২.৪ ব্যতীত প্রতিরক্ষা খাতভুক্ত বিভাগ/অধিদপ্তর/দপ্তরসমূহে কর্মরত ক্যাডারভুক্ত কর্মকর্তাদের ক্ষেত্রে এক বা একাধিক মেয়াদে প্রতিরক্ষা খাতের আওতায় চাকরিকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে;
- ২.৭ ক্যাডারভুক্ত কোন কর্মকর্তা এ নীতিমালা অনুযায়ী প্লট প্রাপ্তির যোগ্যতা অর্জনের পর অন্যত্র বদলি হলেও সকল শর্তাদি পূরণ সাপেক্ষে এ নীতিমালার অধীনে প্লট বরাদ্দপ্রাপ্তির জন্য আবেদনের যোগ্য হবেন;
- ২.৮ আবেদনের যোগ্য কর্মকর্তার মৃত্যু হলে তাঁর স্ত্রী/স্বামী (পুনঃবিবাহ না করলে), নির্ভরশীল সন্তান/সন্ততিগণ যুগ্মনামে প্লট বরাদ্দপ্রাপ্তির জন্য আবেদনের যোগ্য হবেন।

